# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৮৭৪

২৯/ পানীয় (كتاب الأشربة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ শুকনা লাউয়ের খোলে, খেজুর কান্ডে গর্ত করে নির্মিত পাত্রে এবং মাটির পাত্রে নাবীয তৈরি করা পছন্দনীয় নয়।

## باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ أَنْ يُنْبَذَ فِي الدُّبَّاءِ وَالْحَنْتَمِ وَالنَّقِيرِ

আরবী

حَدَّثَنَا أَبُو مُوسَى، مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى حَدَّثَنَا أَبُو دَاوُدَ الطَّيَالِسِيُّ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ، قَالَ سَمِعْتُ زَاذَانَ، يَقُولُ سَأَلْتُ ابْنَ عُمَرَ عَمَّا نَهَى عَنْهُ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم مِنَ الأَوْعِيَةِ أَخْبِرْنَاهُ بِلُغَتِكُمْ وَفَسِّرْهُ لَنَا بِلُغَتِنَا . فَقَالَ نَهَى رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عَنِ الْحَنْتَمَةِ وَهِيَ الْجَرَّةُ وَنَهَى عَنِ الدُّبَّاءِ وَهِيَ الْقَرْعَةُ وَنَهَى عَنِ النَّقِيرِ وَهُوَ أَصْلُ النَّخْلِ يُنْقَرُ نَقْرًا أَوْ يُنْسَحُ نَسْحًا وَنَهَى عَنِ الْمُزَفَّتِ وَهِيَ الْمُقَيَّرُ وَأَمَرَ أَنْ يُنْبَذَ فِي الأَسْقِيَةِ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عُمَرَ وَعَلِيٍّ وَابْنِ عَبَّاسٍ وَأَبِي سَعِيدٍ وَأَبِي هُرَيْرَةَ وَعَبْدِ الرَّحْمَنِ بْنِ يَعْمُرَ وَسَمُرَةَ وَأَنَسٍ وَعَائِشَةَ وَعِمْرَانَ بْنِ حُصَيْنٍ وَعَائِذِ بْنِ عَمْرٍو وَالْحَكَمِ الْغِفَارِيِّ وَمَيْمُونَةَ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

১৮৭৪। আবূ মূসা মুহাম্মদ ইবনুল মুছান্না (রহঃ) ... যাযান (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেন, আমি ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু-কে জিজ্ঞাসা করেছিলাম, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি পাত্র ব্যবহার নিষেধ করেছেন। আপনি আপনাদের ভাষায় তা ব্যক্ত করুন এবং আমাদের ভাষায় তা ব্যাখ্যা করে দিন। তিনি বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হানতাম অর্থাৎ সবুজ কলস, দুব্বা অর্থাৎ লাউয়ের খোল, নাকীর অর্থাৎ খেজুর বৃক্ষের কান্ডে গর্ত করে নির্মিত পাত্র। মুযাফ্ফাত অর্থাৎ আলকাতরা লাগান পাত্র (নবীযের জন্য) ব্যবহার নিষেধ করেছেন। তিনি মশকে নবীয বানাতে নির্দেশ দিয়েছেন। সহীহ, সহীহাহ ২৯৫১, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৮৬৮ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে উমার, আলী, ইবনু আব্বাস, আবূ সাঈদ, আবূ হুরায়রা, আবদুর রহমান ইবনু ইয়া’মুর, সামুরা, আনাস, আয়িশা, ইমরান ইবনু হুসায়ন, আইয ইবনু আমর, হাকাম গিফারী এবং মায়মূনা থেকে হাদীস বর্ণিত আছে। এই হাদীসটি হাসান-সহীহ।

## English

Narrated Zadhan:

"I asked Ibn 'Umar about what containers the Messenger of Allah (ﷺ) prohibited. He informed us in your language, and he explained it to us in our language. He said: "The Messenger of Allah (ﷺ) prohibited Al-Hantamah, and it is an earthenware container, and he prohibited Ad-Dubba', and it is gourd, and he prohibited An-Naqir, and it is the trunk of a date-palm that is hollowed out or carved, and he prohibited Al-Muzaffat, and it is coated with pitch. And he ordered that Nabidh be prepared in water-skins."

He said: There are narrations on this topic from 'Umar, 'Ali, Ibn 'Abbas, Abu Sa'eed, Abu Hurairah, 'Abdur-Rahman bin Ya'mur, Samurah, Anas, 'Aishah, 'Imran bin Husain, 'A'idh bin 'Amr, Al-Hakam Al-Ghifari, and Maimunah.

[Abu 'Eisa said:] This Hadith is Hasan Sahih.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন ▯ বর্ণনাকারীঃ যাযান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22850

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন